



## অসুস্থ মির্জা আব্বাসের আরোগ্য কামনায় নাসীরুদ্দীন পাটওয়ারী



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তাঁর দ্রুত সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেছেন ঢাকা-৮ আসনের প্রতিদ্বন্দ্বী এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

বৃহস্পতিবার (১২ মার্চ) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে নাসীরুদ্দীন পাটওয়ারী শুভকামনা জানান। সংক্ষিপ্ত ওই বার্তায় তিনি মির্জা আব্বাসের সুস্বাস্থ্য ও দীর্ঘ জীবন কামনা করেন।

এর আগে বুধবার ইফতারের সময় পানি পান করতে গিয়ে হঠাৎ অচেতন হয়ে পড়েন মির্জা আব্বাস। শারীরিক অবস্থার উন্নতি না হওয়ায় গভীর রাতে তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

# LENS ASIA